

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।  
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

[অফিস আদেশ]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০২.০০৬.১৬/২৬৬ (৫)

তারিখ: ০৭/১০/২০২১ খ্রি:।

বিষয় : ইপিজেডসহ প্রতিষ্ঠানসমূহের বহিঃবাংলাদেশ ও স্থানীয় পর্যায়ে আমদানি এবং রপ্তানি পণ্যের শুদ্ধায়ন ও পরীক্ষণ সংক্রান্ত আদেশ।

সাম্প্রতিক সময়ে জাতীয় রাজস্ব বোর্ডের দৃষ্টিগোচর হয়েছে যে, চট্টগ্রাম ইপিজেড (সিইপিজেড), কর্ণফুলি ইপিজেড (কেইপিজেড) এবং কোরিয়ান ইপিজেড এর আমদানি-রপ্তানি পণ্যের শুদ্ধায়ন কার্যক্রম কাস্টম হাউস, চট্টগ্রাম এর মাধ্যমে এবং পরীক্ষণ কার্যক্রম কাস্টমস বন্ড কমিশনারেটের মাধ্যমে সম্পন্ন হয়ে থাকে। অন্যদিকে দেশের সকল ইপিজেডে বহিঃবাংলাদেশ হতে আমদানি-রপ্তানি পণ্যের শুদ্ধায়ন ও পরীক্ষণ কার্যক্রম সংশ্লিষ্ট/নিকটস্থ কাস্টম হাউস এর মাধ্যমে এবং স্থানীয় পর্যায়ে আমদানি-রপ্তানি পণ্যের শুদ্ধায়ন ও পরীক্ষণ কার্যক্রম সংশ্লিষ্ট কাস্টমস বন্ড কমিশনারেট এর মাধ্যমে সম্পন্ন হয়ে থাকে। উল্লেখ্য, এসব কারণে ইপিজেড এলাকায় কাস্টম হাউস এবং কাস্টমস বন্ড কমিশনারেট এর কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে দ্বৈততার সৃষ্টি হয় এবং শুদ্ধায়ন ও পরীক্ষণ কার্যক্রমে বিঘ্ন ঘটে।


০২। এমতাবস্থায়, বিভিন্ন ইপিজেডে আমদানি-রপ্তানি পণ্য পরীক্ষণ ও শুদ্ধায়নের ক্ষেত্রে ইপিজেড ভিত্তিক স্ব স্ব প্র্যাকটিস বা বৈষম্য দূরীকরণে দেশের সকল ইপিজেডসহ প্রতিষ্ঠানসমূহের আমদানি-রপ্তানি (১০০% রপ্তানির বিপরীতে) পণ্যের শুদ্ধায়ন ও পরীক্ষণ বিষয়ে The Customs Act, 1969 এর section 219B এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড নিম্নবর্ণিত আদেশ জারি করল:

- (ক) ইপিজেডসহ প্রতিষ্ঠানসমূহের বহিঃবাংলাদেশ হতে আমদানি-রপ্তানি পণ্যের শুদ্ধায়ন ও পরীক্ষণসহ অন্যান্য কার্যক্রম সংশ্লিষ্ট/নিকটস্থ কাস্টম হাউস এর মাধ্যমে সম্পন্ন করতে হবে;
- (খ) ইপিজেডসহ প্রতিষ্ঠানসমূহের স্থানীয় পর্যায়ে আমদানি-রপ্তানি পণ্যের শুদ্ধায়ন ও পরীক্ষণসহ অন্যান্য কার্যক্রম সংশ্লিষ্ট কাস্টমস বন্ড কমিশনারেট এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।

০৩। জাতীয় রাজস্ব বোর্ড এর আদেশ নং-১(১২)শ:ভ:প্র:-২/২০০৮(অংশ)/৪৫৮(১), তারিখ: ২১/১২/২০১১ খ্রি: এ মর্মে রহিত করা হলো।

০৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা আগামী ০১/১১/২০২১ খ্রি: তারিখ হতে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,



(মোঃ মশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)


ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

২। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।




১২৪

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০২.০০৬.১৬/

তারিখ : ০৭/১০/২০২১ খ্রি:।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। পি. এস. টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
  - ২। দ্বিতীয় সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
  - ৩। পি এ টু সদস্য (গ্রেড-১) (কাস্টমস: রপ্তানি, বন্দ ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য ]।
- ৪-৫। অফিস কপি/গার্ড কপি।



(মোঃ মশিয়ার রহমান মন্ডল)

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্দ)

ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩

ই-মেইল-ssbondnbr@gmail.com